

দুজনে যেথায় মিলিছে সেথায় তুমি থাকো, প্রভু, তুমি থাকো ।
 দুজনে যাহারা চলেছে তাদের তুমি রাখো, প্রভু, সাথে রাখো ॥
 যেথা দুজনের মিলিছে দৃষ্টি সেথা হোক তব সুধার বৃষ্টি—
 দোঁহে যারা ডাকে দোঁহারে তাদের তুমি ডাকো, প্রভু, তুমি ডাকো ॥
 দুজনে মিলিয়া গৃহের প্রদীপে জ্বলাইছে যে আলোক
 তাহাতে, হে দেব, হে বিশ্বদেব, তোমারি আরতি হোক ॥
 মধুর মিলনে মিলি দুটি হিয়া প্রেমের বৃন্তে উঠে বিকশিয়া,
 সকল অশুভ হইতে তাহারে তুমি ঢাকো, প্রভু, তুমি ঢাকো ॥

Parjaay: Anushthanik, Taal: Ektaal, Raag: Sindhu Bhairavi
 Visit www.geetabitan.com for notation and other detail